দৈনিক জনকণ্ঠ

JUL 13 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ... ৪ ...

# ছাত্রলীগ জগন্নাথ কলেজ শাখা সম্মেলন আজ দীর্ঘ চার বছর পর

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ দীর্ঘ চার বছর পর আজ শনিবার ছাত্রলীগ জগন্নাথ কলেজ শাখার সম্মেলন অনুষ্ঠিত হতে যাচ্ছে। সম্মেলন ৪ জুলাই হওয়ার কথা থাকলেও দলীয় সমস্যার কারণে তা পিছিয়ে যায়। এই সম্মেলনেই নতুন কমিটি ঘোষণা করা হবে। পদ নিয়ে চলছে জোর লবিং-গ্রুপিং। জানা গেছে, ১৯৯৮ সালের ১৯ অক্টোবর ছাত্রলীগ জগন্নাথ কলেজ শাখার সর্বশেষ সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে দেবাশীষ বিশ্বাসকে সভাপতি এবং গোলাম ফারুক স্বপনকে সাধারণ সম্পাদক করে কমিটি ঘোষণা করা হয়। কিন্তু দীর্ঘ চার বছরেও পূর্ণাঙ্গ কমিটি গঠন সম্ভব হয়নি। এ ছাড়া সভাপতি, সাধারণ সম্পাদক দু'জনই বিয়ে করেছেন বলে জানা গেছে। এর মধ্যে সাধারণ সম্পাদক বর্তমানে ইতালিতে অবস্থান করছেন। এ নিয়ে নেতাকর্মীদের মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়। অবশেষে আজ সম্মেলন অনুষ্ঠিত হতে যাচ্ছে। ইতোমধ্যে গ্রুপিং-লবিংয়ের অংশ হিসাবে পদ প্রত্যাশীরা রীতিমতো আওয়ামী লীগ এবং ছাত্রলীগের শীর্ষ নেতাদের কাছে তাঁদের অবস্থান তুলে ধরছেন। পদ প্রত্যাশীদের মধ্যে উল্লেখযোগ্য পদে যাঁদের নাম শোনা যাচ্ছে তাঁদের মধ্যে রয়েছেন, মোঃ মোহসীন, ইস্কান্দার মীর্জা শামীম, নজরুল ইসলাম, হাসিবুর রহমান দিদার, মহিউদ্দিন, হারিস হাসান সাগর, আমিনুল হক ভূঁঞা, জাকিয়া সুলতানা শেফালী, জহির উদ্দিন খসরু শান্তি, মিলটন প্রমুখ। এঁদের মধ্য থেকেই অন্যান্য গুরুত্বপূর্ণ পদ বণ্টন করা হবে। আওয়ামী লীগও চাচ্ছে গুরুত্বপূর্ণ কলেজ হিসাবে জগন্নাথ কলেজে একটি শক্তিশালী কমিটি দিতে। এদিকে দীর্ঘ চার বছর পর সম্মেলন হওয়ায় নেতাকর্মীদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা দেখা দিয়েছে। সম্মেলন কলেজ প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে।